১৮ বছরেও বেতন-ভাতা পাননি ল্যাব সহকারী

দুই মেয়েকে নিয়ে সংসার চালাতে ধারদেনা করতে হচ্ছে চাঁদ আলী খানকে। ঋণের বোঝা আর অনিশ্চিত ভবিষ্যতের দুশ্চিন্তায় দিন কাটছে তাঁর।

সরকারি প্রকল্পের আওতায় নিয়োগ পেয়ে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বলরামপুর দাখিল মাদ্রাসায় কাজ করলেও দীর্ঘ ১৮ বছর ধরে বেতন-ভাতা না পাওয়ার অভিযোগ করেছেন এই ল্যাব সহকারী।

চাঁদ আলী খান ঝিনাইদহ শহরের ক্যাডেট কলেজ পাড়ার বাসিন্দা। তাঁর দাবি, দীর্ঘদিন দায়িত্ব পালন করেও বেতন-ভাতা না পাওয়ায় সংসারের খরচ মেটাতে তাঁকে ধারদেনা করতে হচ্ছে। এতে দিন দিন ঋণের বোঝা বাড়ছে। দুই মেয়ের ভবিষ্যৎ নিয়েও দুশ্চিন্তায় রয়েছেন তিনি।

চাঁদ আলী খান জানান, ‘১০০টি নির্বাচিত মাদ্রাসায় দাখিল ভোকেশনাল কোর্স প্রবর্তন’ শীর্ষক প্রকল্পের আওতায় বলরামপুর দাখিল মাদ্রাসায় ল্যাব সহকারী পদে নিয়োগ পান তিনি। এ জন্য ২০০৪ সালের ৬ অক্টোবর পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। পরে ২৮ ও ২৯ এপ্রিল ঢাকায় নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় নিয়োগ কমিটির সুপারিশের ভিত্তিতে ২০০৬ সালের ১২ ডিসেম্বর তাঁকে নিয়োগের সুপারিশপত্র পাঠানো হয়। এরপর ২০০৮ সালে তিনি ওই প্রতিষ্ঠানে যোগদান করেন।

তিনি আরও জানান, প্রকল্পের আওতায় সরকারি অর্থায়নে ভবন ও বিভিন্ন সরঞ্জাম সরবরাহ করা হয়। তবে দীর্ঘদিন চাকরি করেও তিনি এমপিওভুক্ত হতে পারেননি। তাঁর দাবি, নিয়োগ বিজ্ঞপ্তিতে সরকারি বিধি অনুযায়ী এমপিওভুক্তির মাধ্যমে বেতন-ভাতা দেওয়ার কথা উল্লেখ থাকলেও তা কার্যকর হয়নি।

চাঁদ আলী খানের অভিযোগ, এ সমস্যা সমাধানের জন্য ব্যক্তিগতভাবে কারিগরি শিক্ষা অধিদপ্তরে যোগাযোগ করেও কোনো প্রতিকার পাননি। দীর্ঘদিন বেতন-ভাতা না পাওয়ায় সংসারের ব্যয় নির্বাহ করতে তাঁকে ঋণ করতে হচ্ছে। সেই ঋণ পরিশোধেরও নির্ভরযোগ্য কোনো উপায় নেই।

চাঁদ আলী খান বলেন, “দীর্ঘ ১৮ বছর ধরে চাকরি করেও বেতন-ভাতা

পাচ্ছি না। দুই মেয়েকে নিয়ে সংসার চালাতে প্রতিনিয়ত হিমশিম খেতে হচ্ছে। বাধ্য হয়ে ধারদেনা করে সংসারের খরচ চালাতে হচ্ছে। ঋণের বোঝা দিন দিন বাড়ছে, কিন্তু তা পরিশোধের কোনো উপায় নেই। সন্তানদের ভবিষ্যৎ নিয়ে সব সময় দুশ্চিন্তায় থাকি। এত বছর দায়িত্ব পালন করেও যদি বেতন না পাই, তাহলে পরিবার নিয়ে কীভাবে বাঁচব? সরকারের কাছে আকুল আবেদন, আমাদের বেতন-ভাতার ব্যবস্থা করে পরিবার নিয়ে স্বাভাবিকভাবে বেঁচে থাকার সুযোগ করে দেওয়া হোক।”

এ বিষয়ে বলরামপুর দাখিল মাদ্রাসার সুপার রেজাউল ইসলাম বলেন, “এটি ২০০৪ সালে তৎকালীন চারদলীয় জোট সরকারের সময় বিশ্বব্যাংকের সহায়তায় নেওয়া একটি প্রকল্প ছিল। পরে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর প্রকল্পটি আর আলোর মুখ দেখেনি। ওই প্রকল্পের আওতায় নিয়োগ পাওয়া ব্যক্তিরা সবাই মানবেতর জীবন যাপন করছেন। বিষয়টির সুরাহা হওয়া জরুরি।”

হরিনাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালালেন এমপি আলী আজম

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার চালানোর মধ্য দিয়ে হরিণাকুণ্ডুতে আনুষ্ঠানিকভাবে সংসদ সদস্য হিসেবে কাজ শুরু করলেন ঝিনাইদহ-২ আসনের এমপি আলি আজম মোঃ আবু বকর।

গতকাল রবিবার সকাল ১১টার দিকে তিনি দলীয় নেতাকর্মীদের সঙ্গে নিয়ে স্বাস্থ্য কমপ্লেক্সে প্রবেশ করেন তিনি। এসময় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান উপজেলা স্থাস্থ্য কর্মকর্তা ডাক্তার আলমগীর হোসাইন এর সঙ্গে মতবিনিময় শেষে সমস্ত রোগীদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। স্বক্ষাত শেষে সম্মেলন কক্ষে ডাক্তার, স্বাস্থ্যকর্মী, পরিচ্ছন্ন কর্মী সকলের সঙ্গে তাদের সমস্যাগুলো

শোনেন এবং সমাধানের প্রতিশ্রুতিদেন এবং পরবর্তীতে তিনি তার দলের কর্মীদের সঙ্গে নিয়ে হসপিটালের সামনে পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে যোগ দেন।

পরিচ্ছন্নতা শেষে এমপি সাংবাদিকদের বলেন,” এই স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পাশাপাশি এখানে যেসব সংকট রয়েছে সেগুলো খুব তাড়াতাড়ি সমাধান করা হবে। কেবল বাহ্যিক পরিষ্কার-পরিচ্ছন্নতাই না এই হাসপাতালের যারা ডাক্তার-কর্মকর্তা রয়েছেন তাদেরও মনের দিক দিয়ে পরিষ্কার হতে হবে জনগণকে সঠিক সেবা নিশ্চিত করতে হবে।”

পরিচ্ছন্নতা অভিযান চালানোর সময় আলী আজম মোঃ আবু বকর এর সফর সঙ্গী ছিলেন ঝিনাইদহ জেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা আব্দুল আউয়াল, হরিনাকুন্ডু উপজেলা আমির বাবুল হোসাইন, উপজেলা সেক্রেটারি মাস্টার ইদ্রিস আলী, পৌর আমির শফিউদ্দিন সহ দলের বিভিন্ন স্তরের নেতাকর্মী।

এছাড়াও পৌরসভার বিভিন্ন মোড়ে বিশেষ করে, বাস স্ট্যান্ড, টেম্পু স্ট্যান্ড, ইজিবাইক স্ট্যান্ড, পাখি ভ্যান স্ট্যান্ডে, হতদরিদ্র মানুষগুলোর থেকে যারা টাকা আদায় করেন তাদেরকে এই কাজ থেকে বিরত থাকার অনুরোধ করেছেন। তারা যদি পরিবর্তন না হয় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন বলে তিনি জানিয়েছেন। স্বাস্থ্য কমপ্লেক্স থেকে লালন শাহ সরকারি কলেজ পর্যন্ত তিনি পায়ে হেঁটে সাধারণ মানুষের সঙ্গে কুশল বিনিময় ও সালাম প্রদান করেন।

হরিনাকুণ্ডুতে আন্তর্জাতিক শান্তি দিবস পালিত

হরিণাকুণ্ডুতে আন্তর্জাতিক শান্তি দিবস পালন করা হয়েছে।

রবিবার (২১ সেপ্টেম্বর) সকালে বাংলাদেশ স্কাউটস হরিণাকুণ্ডু উপজেলা শাখার পক্ষ থেকে বর্ণাঢ্য আয়োজনে এ দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষে উপজেলা কাব স্কাউট ও স্কাউট সোনামণিদের নিয়ে একটি বিশাল সাইকেল র্যালির আয়োজন করা হয়।

এছাড়া উপজেলা স্কাউটস এর সকল কর্মকর্তা ও সদস্যবৃন্দ র্যালি ও আলোচনা সভায় অংশ গ্রহণ করেন।

হরিনাকুণ্ডু মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুন্ডুতে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২এপ্রিল) বেলা ১১টায় হরিনাকুন্ডু উপজেলা ও পৌর মহিলা দলের আয়োজনে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

সেসময় কর্মী সভায় হরিনাকুন্ডু উপজেলার বিভিন্ন ইউনিয়নের ৫ শতাধিক নারী কর্মী অংশ নেন।

এতে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ বিশেষ অতিথি হিসেবে হরিনাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হোসেন মাস্টার, সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, জেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক সহকারী অধ্যাপক কামাল হোসেন, পৌর বিএনপির সভাপতি জিন্নাতুল হক খান, মহিলা দলের আহ্বায়ক মোছা. সেলিনা খাতুনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, মহিলা দলের বিভিন্ন ইউনিটের ভবিষ্যৎ কর্মপদ্ধতি, সাংগঠনিক তৎপরতা ও নির্বাচন কেন্দ্রীক সার্বিক প্রস্তুতির বিষয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।

হরিনাকুণ্ডুতে জামায়তের জনশক্তি সম্মলন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলা জামায়াতের উদ্যেগে জনশক্তি সম্মলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে হরিনাকুণ্ডু উপজেলা দোয়েল চত্বর মোড়ে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।

উপজেলা জামায়াতের আমীর বাবুল হোসাইনের সভাপতিত্বে এবং সেক্রেটারি কুতুব উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠিত সম্মলনে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে শহীদ রফিকুল ইসলামের পিতা আবু বকর সিদ্দিক।

জনশক্তি সম্মলেনে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা জামায়তের আমীর অধ্যাপক আলী আজম মুহাম্মদ আবু বকর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলের জেলা সেক্রেটারি অধ্যাপক আব্দুল আউয়াল, জেলা সাংগঠনিক সেক্রেটারি আব্দুল আলীম, জেলা ওলামা বিভাগের সেক্রেটারি মুহাদ্দিস রবিউল ইসলাম ও ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি মনিরুজ্জামান। এছাড়া সম্মেলনে আরও বক্তব্য রাখেন সাবেক উপজেলা আমীর মাস্টার আলা উদ্দীন ও মাওঃ মওলা বক্, হরিনাকুণ্ডুর প্রথম নায়েবে আমীর মকবুল হোসেন, উপজেলা নায়েবে আমীর রেজাউল ইসলাম, দলের অন্যতম নেতা ইদ্রিস আলী, সাদেকুর রহমান, শফি উদ্দীন, শিবির নেতা রাশেদ হোসেন প্রমুখ।

উপস্থিত তৌহিদী জনতার উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে যথাযথ ভাবে ভোগ করার জন্য আল্লাহর আইন এবং সৎ লোকের শাসন কায়েমের আন্দোলনে শরীক হওয়ার উদাত্ত আহ্বান জানান।

হরিনাকুণ্ডুতে সকল ব্যাংকের

আয়োজনে কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ

ঝিনাইদহের হরিনাকুণ্ডুতে সকল সরকারি বেসরকারি ব্যাংকের আয়োজনে কৃষকদের মাঝে কৃষি ঋণ বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

আজ সোমবার (২৯জানুয়ারি) বেলা এগারোটায় উপজেলা কৃষি অফিস মিলনায়তনে জনতা ব্যাংক পিএলসি হরিনাকুণ্ডু শাখার ম্যানেজার আবু সাঈদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আক্তার হোসেন।

অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জনতা ব্যাংক পিএলসি এরিয়া অফিসের (এরিয়া ইনচার্জ) সহকারী মহাব্যবস্থাপক আশরাফুজ্জামান। ঋণ বিতরন কর্মসূচিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের খুলনা অঞ্চলের উপপরিচালক মিজানুর রহমান এবং উপজেলা কৃষি অফিসার শাহিন ইসলাম।

প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তা আক্তার হোসেন প্রতিষ্ঠিত বুনিয়াদী কৃষকদের পাশাপাশি শিক্ষিত তরুন কৃষি উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে কৃষি ঋণ বিতরণের জন্য ব্যাংক কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। ঋণ বিতরণ কর্মসূচিতে অংশগ্রহণকারী সম্মানিত অতিথিবৃন্দ তাদের বক্তৃতায়, কৃষক বাঁচলে দেশ বাঁচবে এই শ্লোগানের বাস্তব প্রতিপালন ঘটাতে কৃষকদের কল্যানে বাংলাদেশ ব্যাংকের বরাদ্দকৃত সমুদয় অর্থ যথাসময়ে সুষ্ঠুভাবে বিতরণের তাগিদ প্রদান করেন।

অনুষ্ঠানে তিনজন কৃষক প্রতিনিধি তাদের বক্তৃতায় মধ্যসত্ত্বভোগির কোন তদবির এবং অতিরিক্ত অর্থ ব্যয় ছাড়াই স্বল্পতম সময়ে ঋণ পেয়ে কৃষি খাতে সঠিক সময়ে বিনিয়োগের মাধ্যমে লাভবান হচ্ছেন বলে মত প্রকাশ করেন। উপজেলার আটটি ইউনিয়ন এবং একটি পৌরসভার ৬০ জন কৃষকের মাঝে বিভিন্ন ব্যাংকের ১৩টি শাখা প্রায় ৬০ লাখ টাকা ঋণ বিতরণ করেন।

অংশগ্রহনকারী আর্থিক প্রতিষ্ঠান সমূহ জনতা ব্যাংক পিএলসি, সোনালী ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, অগ্রণী ব্যাংক, এনআরবিসি ব্যাংক, পল্লী সঞ্চয় ব্যাংক, আইএফআইসি ব্যাংক, পূবালী ব্যাংক, ডাচ-বাংলা ব্যাংক। প্রানবন্ত কৃষি ঋণ বিতরণ অনুষ্ঠানে সংশ্লিষ্ট

অতিথিবৃন্দ ছাড়াও, কৃষক প্রতিনিধি, জনপ্রতিনিধি, গণমাধ্যম কর্মীসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন।

হরিনাকুণ্ডুতে সহকারী শিক্ষিকার রুহের মাগফিরাত কামনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দুরারোগ্য ক্যান্সারে মৃত্যুবরণকারী সহকারী শিক্ষিকা মমতাজ বেগম-এর রুহের মাগফিরাত কামনার্থে এক স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার দুপুরে উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই স্মরণসভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাসান মাহমুদ ইমামের সভাপতিত্বে এবং ইমরুল কায়েস ও মুস্তাফিজুর রহমান টুটুলের যৌথ সঞ্চালনায় এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বেসরকারি শিক্ষক কর্মচারী ফোরামের উদ্যোগে আয়োজিত স্মরণসভায় বক্তব্য রাখেন ফোরামের সভাপতি অধ্যক্ষ এম মোক্তার আলী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অধ্যক্ষ শহিদুল ইসলাম, জোড়াদহ কলেজের অধ্যক্ষ শিক্ষক নেতা শরিফুল ইসলাম, অধ্যক্ষ মাওঃ আসাদুজ্জামান, অধ্যক্ষ রবজেল হোসেন, প্রধান শিক্ষক সিরাজ উদ্দীন, সহকারি শিক্ষক কামরুজ্জামান, মরহুমার স্বামী ফিরোজ আলম (ফারুক), এসএসসি পরীক্ষার্থী হুমায়রা ইসমাত মহিমা প্রমূখ।

পরিশেষে স্মরণসভার সমন্বয়ক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক টিটু সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে বক্তব্য রাখেন। স্মরনসভা শেষে মরহুমার রুহের মাগফিরাত কামনা করে দোয়ামাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মাওঃ আব্দুর রশিদ। স্মরনসভায় বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান ও তাদের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

হরিনাকুণ্ডুতে চাঞ্চল্যকর শামীম হত্যার মূল পরিকল্পনাকারী আবু সাইদ গ্রেপ্তার

ঝিনাইদহের হরিনাকুণ্ডের চাঞ্চল্যকর ক্লুলেস শামীম হত্যার মূল পরিকল্পনাকারী ও কুখ্যাত সন্ত্রাসী আবু সাইদ গ্রেপ্তার কে ১টি বিদেশী রিভলবার ১টি ওয়ান শুটারগান এবং ৬ রাউন্ড গুলিসহ গ্রেপ্তার করেছে র্যাব-৬।

শনিবার (৩০ ডিসেম্বর) সকালে র্যাব-৬ এর প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায়,ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন হরিণাকুন্ডু গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি সন্ত্রাসী কার্যক্রমের উদ্দেশ্যে অবৈধভাবে অস্ত্র ও গুলিসহ অবস্থান করছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আভিযানিক দলটি শুক্রবার দিবাগত রাত দেড় টার সময় ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন হরিণাকুন্ডু গ্রামে একটি বিশেষ অভিযান পরিচালনা করে। এসময় র্যাব ২টি আগ্নেয়াস্ত্র ও গুলিসহ ১ জন অস্ত্রধারী কুখ্যাত সন্ত্রাসী মোঃ আবু সাইদ (৩৬) কে গ্রেপ্তার করে। সে একই উপজেলার পারদখলপুর গ্রামের মোঃ ছানোয়ার হোসেন ছনুর পুত্র। এ সময় উপস্থিত সাক্ষীদের সামনে গ্রেপ্তারকৃত আসামীর হেফাজত হতে ১টি ওয়ান শুটারগান, ১টি বিদেশী রিভলবার ও ৬ রাউন্ড গুলি উদ্ধার করা হয়।

উল্লেখ, গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখ ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু থানার সাবেক সেনা সদস্য এবং উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহ-সভাপতি শামীম হোসেন (৪৮)কে রাতে কিছু দুর্বৃত্তরা এলোপাথাড়ি কুপিয়ে ও গুলি করে হত্যা করে। নিহত শামীম হোসেন বিগত ২০ বছর পূর্বে বাংলাদেশ সেনাবাহিনী হতে অবসরে আসেন এবং হরিণাকুন্ডু উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতির দায়িত্ব পালন করেন।

জানা যায় নিহত ভিকটিম শামীম হোসেন রাত অনুমান ৮টার দিকে রাতের

খাবার শেষ করে বাড়ী হতে বের হন এর কিছু সময় পরে হরিণাকুন্ডু থানার পার্বতীপুর গ্রামের জনৈক জব্বার মন্ডলের মেহগনি বাগানের উত্তর পাশে খালপাড়ে বাশেঁর সাকোর নিচে শামীম হোসেন এর রক্তাক্ত মরদেহ দেখতে পায় স্থানীয়রা। কিছু দুর্বৃত্তরা ভিকটিম শামীম হোসেনকে এলোপাথাড়ি কুপিয়ে ও গুলি করে হত্যা করে পালিয়ে যায়। পরবর্তীতে বিষয়টি বিভিন্ন প্রেস মিডিয়াতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করে। এ বিষয়ে শামীমের স্ত্রী বাদী হয়ে গত ২৪ নভেম্বর ২০২৩ তারিখে হরিনাকুন্ডু থানায় একটি হত্যা মামলা দায়ের করে। ঘটনার বিষয়ে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং আসামী গ্রেপ্তারের জন্য গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে।

গ্রেপ্তারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, আবু সাইদ তার নিকটে থাকা আগ্নেয়াস্ত্রের ভয়ভীতি দেখিয়ে এলাকায় বিভিন্ন সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করে আসছিলো। ব্যাপক জিজ্ঞাসাবাদে ধৃত সন্ত্রাসী আবু সাইদ হরিণাকুণ্ডুর সাবেক সেনা সদস্য ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি শামীম হোসেনের হত্যাকান্ডের সাথে জড়িত থাকার কথা স্বীকার করেন।

জব্দকৃত আলামত ও গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করে গ্রেপ্তারকৃত আসামীর বিরুদ্ধে নিয়মিত অস্ত্র আইনে মামলা রুজু করা হয়েছে বলে প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করে।

হরিনাকুণ্ডুতে ফুলেল শুভেচ্ছায় সংবর্ধিত এসপি কাজী মনিরুজ্জামান

খুলনা রেঞ্জের শ্রেষ্ট পুলিশ সুপার ও সাতক্ষীরা জেলার সুযোগ্য পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান (জাহিদ) প্রধানমন্ত্রী কর্তৃক পুলিশের সর্বোচ্চ সম্মান সূচক পিপিএম (সেবা) পদক প্রাপ্ত হওয়ায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার বরেণ্য সন্তানকে নিজ জন্মস্থানের বন্ধুমহল, শিক্ষক, সাংবাদিক, ব্যবসায়ী, মানবাধিকারসহ বিভিন্ন

পেশাজীবী মহলের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

গতকাল শুক্রবার বেলা সাড়ে তিনটায় উপজেলার একতারা মোড়ের একটি মিলনায়তনে মানবাধিকার ও গনমাধ্যম কর্মী অধ্যাপক মাহবুব মুরশেদ শাহীনের সঞ্চালনায় এবং বন্ধু মহলের এম. নজরুল ইসলামের স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠিত সংবর্ধনা সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ এম. মোক্তার আলী, অধ্যক্ষ এম.শরিফুল ইসলাম ও এম. শহিদুল ইসলাম,এছাড়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিষ্ট্রার এম. জামাল উদ্দীন, থানার অফিসার ইনচার্জ এম. সাইফুল ইসলাম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব জামাল উদ্দীন, সহকারী অধ্যাপক এটিএম শরিফুজ্জামান, প্রধান শিক্ষক নিয়ামত আলী, মাসুদুল হক, জামাল উদ্দীন, মিজানুর রহমান, জাহাঙ্গীর আলমসহ বিভিন্ন গনমাধ্যম নেতৃবৃন্দ, মানবাধিকার কর্মী, বনিক সমিতির প্রতিনিধি, ফারিয়ার রাশেদ মোশাররফ, বন্ধু মহলের কবি গোলাম সরোয়ার, রাব্বুল হোসেন, জাহাঙ্গীর আলম প্রমুখ।

সংবর্ধিত অতিথি হরিনাকুণ্ডুর বরেণ্য সন্তান এসপি কাজী মনিরুজ্জামান পিপিএম তার বক্তৃতার শুরুতে বাঙালী জাতির শ্রেষ্ঠ সন্তান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের সাথে সাথে ১৫ আগষ্টের নির্মম হত্যায় বঙ্গমাতা ফজিলাতুন্নেসা মুজিবসহ অন্যান্য শাহাদত বরণকারী, ৩রা নভেম্বর জেলখানায় নিহত জাতীয় চারনেতা, মহান স্বাধীনতা সংগ্রামে শাহাদত বরণকারী ত্রিশলক্ষ শহীদ, দুইলক্ষ সম্ভ্রম হারা মা বোনসহ জাতির গর্বিত সন্তান বীর মুক্তিযোদ্ধাদের অবদানের কথা শ্রদ্ধাভরে স্মরণ করেন।

নিজ এলাকার বিভিন্ন পেশাজীবী সংগঠনের পক্ষ থেকে তাৎক্ষনিক এই সংবর্ধনা প্রদানের উদ্যোগ গ্রহন করায় আয়োজকদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। হরিনাকুণ্ডু থেকে মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস, বাল্য বিয়ে, আত্মহত্যা, দেশ ও স্বাধীনতা বিরোধী ষড়যন্ত্রকারীদের হাত থেকে রক্ষা পেতে সচেতন নাগরিক সমাজকে পুলিশের সহায়তা করার আহ্বান জানান। বঙ্গবন্ধুর সোনার বাংলা থেকে শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গঠনে নিজ নিজ অঙ্গন থেকে ভূমিকা রাখার মধ্য দিয়ে একটি উন্নত দেশ গঠন সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

এসপি মনিরুজ্জামান অনুষ্ঠান স্থলে পৌছালে বিভিন্ন পেশাজীবী মহলের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছায় সিক্ত করা হয়। এছাড়া তাকে

সংবর্ধনা ক্রেস্ট উপহার দেওয়া হয়।